অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/22/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল "পাখি ও মৌমাছি" আইন স্বাক্ষর করলেন, এটি নিউ ইয়র্কবাসী এবং বন্যপ্রাণীকে ক্ষতিকর কীটনাশক থেকে সুরক্ষা প্রদান করার জন্য দেশসেরা বিধিমালা

বিধিমালা S.1856-A/A.7640 পাখি ও মৌমাছি সুরক্ষা আইন প্রণয়ন করে

গভর্নর নিউ ইয়র্কের পারিবারিক খামারি এবং উৎপাদনকারীদের জন্য একটি বলীয়ান ও কার্যকর কর্মসূচি নিশ্চিত করার জন্য সংশোধন নিশ্চিত করেছেন যা জননিরাপত্তা এবং নিউ ইয়র্কের প্রাকৃতিক সংস্থানকে নিরাপদ রাখবে

গভর্নর ক্যাথি হোকল বিধিমালা S.1856-A/A.7640 কে আইন হিসেবে স্বাক্ষর করেছেন, যা পাখি ও মৌমাছি সুরক্ষা আইন (Birds and Bees Protection Act) হিসেবে পরিচিত। দেশসেরা এই বিধিমালাটি নির্দিষ্ট নিওনিকোটিনয়েড কীটনাশক (নিওনিক্স) প্রাপ্ত ভুট্টা, সয়াবিন, বা গমের দানা ব্যবহার এবং ঘরের বাইরের অলঙ্কারমূলক গাছ ও টার্ফের জন্য নিওনিকোটিনয়েড কীটনাশক ব্যবহার নিষিদ্ধ করার মাধ্যমে নিউ ইয়র্কবাসীকে সম্ভাব্য ক্ষতিকর টক্সিন থেকে সুরক্ষা প্রদান করে, যা নিউ ইয়র্কের পরাগবাহক, পাখি, এবং অন্যান্য বন্যপ্রাণীর জন্য গুরুত্বপূর্ণ সুরক্ষা প্রদান করে।

"পাখি ও মৌমাছি সুরক্ষা আইন স্বাক্ষর করার মাধ্যমে, নিউ ইয়র্ক আমাদের শিশু, পরিবেশ ও অত্যাবশ্যকীয় পরাগবাহকদের সুরক্ষা প্রদান গুরুত্বপূর্ণ একটি পদক্ষেপ গ্রহণ করছে," **গভর্নর হোকল বলেন।** "আমরা যখন টেকসই খামারের কাজ ও কৃষি সংক্রান্ত অনুশীলনকে অগ্রাধিকার প্রদান করছি, তখন আইনটি একটি সমৃদ্ধ ইকোসিস্টেম গঠন করতে আমাদের প্রতিশ্রুতিকে তুলে ধরছে।"

বিধিমালা S.1856-A/A.7640 হলো নির্দিষ্ট বীজ, ঘরের বাইরের অলঙ্কারমূলক গাছ, এবং টার্ফে নিওনিকোটিনয়েড কীটনাশক ব্যবহার সীমাবদ্ধ করার মাধ্যমে পরাগবাহকদের সুরক্ষা প্রদান করার একটি সক্রিয় ব্যবস্থা।এটি পরিবেশের জন্য অপেক্ষাকৃত কম ক্ষতিকর বিকল্পসমূহ এবং আরো ব্যয় কার্যকর পণ্য বিকাশের জন্য উদ্ভাবনী গবেষণা করতে পর্যাপ্ত সময় প্রদান করে। এই সময়ের পর, বিজ্ঞানভিত্তিক মূল্যায়নের উপর এবং নতুন এই কর্মসূচিতে স্থানান্তর করতে খামার ও কৃষি কর্মকাণ্ডকে সহায়তা করার জন্য মওকুফ প্রবিধানের উপর নিওনিকোটিনয়েডের ব্যবহার নির্ভর করবে।

স্টেটের সিনেটর ব্র্যাড হোয়েলম্যান-সিগাল বলেন, "পরিবেশ সুরক্ষা এজেন্সি (Environmental Protection Agency, EPA) সম্প্রতি জানতে পেরেছে যে নিওনিকোটিনয়েড 200 এর বেশি প্রজাতিকে বিলুপ্তির দিকে ঠেলে দিচ্ছে, যার ফলে এটি DDT এর পর ইকোলোজিক্যালি সর্বাধিক ধ্বংসাত্মক কীটনাশক হিসেবে চিহ্নিত হয়। গভর্নর হোকল যে অ্যাসেম্বলি সদস্য গ্লিকের সাথে পাখি ও মৌমাছি সুরক্ষা আইনে (S1856A) স্বাক্ষর করেছেন তার জন্য আমি কৃতজ্ঞ, এটি বিষাক্ত নিওনিকোটিনয়েডের ব্যাপক ব্যবহার বন্ধ করতে সাহায্য করবে। এছাড়াও আমাদের বিলের কাজ শেষ করতে সাহায্য করা অ্যাডভোকেসি গ্রুপের কোয়ালিশনের প্রতি আমি অত্যন্ত কৃতজ্ঞ, যাদের মধ্যে আছে ন্যাচারাল রিসোর্স ডিফেন্স কাউন্সিল (Natural Resource Defense Council, NRDC), সিয়েরা ক্লাব (Sierra Club), নিউ ইয়র্ক কনজার্ভেশন ভোটার্স লীগের (New York League of Conservation Voters, NYLCV) এবং পরিবেশ সম্পর্কিত অ্যাডভোকেটগণ, সেই সাথে আছেন আমার সিনেটের সহকর্মীবৃন্দ, সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স, এবং পরিবেশ সংরক্ষণ কমিটির প্রধান পিট হারখ্যাম।"

অ্যাসেম্বলি সদস্য ডেবোরাহ গ্লিক বলেন, "ক্ষতিকর প্রভাব এবং স্বাস্থ্য ঝুঁকি সৃষ্টিকারী টক্সিন সীমাবদ্ধ করা হলো পরিবেশকে বিষাক্ত করা বন্ধ করা এবং আরো স্বাস্থ্যকর নিউ ইয়র্ক গঠন করার জন্য এটি অত্যাবশ্যকীয় অগ্রগামী ধাপ। আমাদের পরাগবাহকদের এবং আমাদের পরিবেশের গুরুত্ব অনুধাবন করা এবং পাখি ও মৌমাছি সুরক্ষা আইন স্বাক্ষর করার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করছি। বিলটিতে বীজ সরবরাহ সংক্রান্ত উদ্বেগের স্থান রয়েছে এবং একই সাথে এটি নিউ ইয়র্ক স্টেট কৃষি ও বাজার বিভাগের (Department of Agriculture and Markets, AGM) পরামর্শ নিয়ে নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) তত্ত্বাবধান করা একটি মওকুফ প্রক্রিয়ার মাধ্যমে স্বচ্ছতা ও কৃষি অর্থনৈতিক ন্যায্যতা নিশ্চিত করে এবং এখানে বাজার ও খামারিদের কাছে এর সাথে মানিয়ে নেওয়ার জন্য পর্যাপ্ত সময় দেওয়া আছে। যুগান্তকারী বিধিমালাটি আমাদের পরাগবাহকদের প্রাণশক্তি নিরাপদ রাখবে এবং একই সাথে সকল নিউ ইয়র্কবাসীর জন্য আরো স্বাস্থ্যকর একটি পরিবেশ নিশ্চিত করবে।"

নিউ ইয়র্ক পরাগবাহক গোষ্ঠীর স্বাস্থ্য ও পুনরুদ্ধার প্রচারে প্রতিশ্রুতিবদ্ধ, যার উপর স্টেটের পরাগবাহক সুরক্ষা পরিকল্পনা (Pollinator Protection Plan) (পিডিএফে) আলোকপাত করা হয়েছে। পরাগবাহক নিউ ইয়র্কের পরিবেশ ও অর্থনীতিতে উল্লেখজনক অবদান রাখে। ইউ.এস. কৃষি বিভাগ (U.S. Department of Agriculture)-এর অনুযায়ী, পরাগায়নকারীরা নিউ ইয়র্কে প্রায় $344 মিলিয়ন মূল্যের পরাগায়ন পরিষেবা প্রদান করে এবং প্রতি বছর জাতীয় স্তরে ফসলের ফলনে $29 বিলিয়ন মূল্যমান যোগ করে। আপেল, আঙ্গুর, চেরি, পেঁয়াজ, কুমড়া, এবং ফুলকপির মতো কৃষিপণ্য উৎপাদন করার কেটে স্টেটের সক্ষমতা বহু অংশে পরাগবাহকদের উপর নির্ভর করে।

বহু নিওনিক্সের ব্যবহার সীমাবদ্ধ করতে পরিবেশ সংরক্ষণ বিভাগের ইতিমধ্যে গ্রহণ করা পদক্ষেপের উপর ভিত্তি করে নতুন আইন অগ্রসর হবে এবং পরাগবাহক ও স্টেটের সংস্থান রাখা করার জন্য এইসব পণ্যের অনেকগুলির ব্যবহার সংকীর্ণ করতে নিবন্ধনকৃতদের সাথে কাজ করবে।

গত বছর, মৌমাছি ও অন্যান্য পরাগবাহক গোষ্ঠীকে ক্ষতিগ্রস্ত করতে পারে এমন কীটনাশকের অনিয়ন্ত্রিত ব্যবহার সীমাবদ্ধ করতে ব্যবস্থা গ্রহণ করে, যেখানে নিওনিকোটিনয়েড কীটনাশকসহ নির্দিষ্ট পণ্য ইমিড্যাকলোপ্রিড, থিয়ামিথোক্সাম, এবং অ্যাসেটামিপ্রিডকে "নিয়ন্ত্রিত ব্যবহার" হিসেবে নতুন শ্রেণীতে অন্তর্ভুক্ত করা হয় যার ফলে প্রশিক্ষিত কীটনাশক প্রয়োগকারী কর্তৃক বিশেষ পরিস্থিতিতে এর প্রয়োগ সীমিত হয়।

গভর্নর হোকল কৃষি এবং নিউ ইয়র্কের অর্থনীতি এবং পরিবেশ সুরক্ষায় এর ভূমিকার অতি গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি প্রদানকে অগ্রাধিকার দেওয়া অব্যাহত রেখেছেন। বিশ্বের সেরা কিছু খাদ্য ও পানীয় উৎপাদনকারী 33,000 খামারের অবস্থান হতে পেরে স্টেট গর্বিত। গভর্নর হোকলের 2023 স্টেট অফ দ্য স্টেট ভাষণে এবং নিউ ইয়র্ক স্টেটের অর্থবছর 2024 বাজেটে বলীয়ান সমর্থন ও বিনিয়োগ রয়েছে যার উদ্দেশ্যে নিউ ইয়র্কের কৃষি পণ্যের চাহিদা বৃদ্ধি করা, নিউ ইয়র্কের খাদ্য সরবরাহ চেইনকে বলীয়ান করা, এবং সকল নিউ ইয়র্কবাসী যাতে তাজা, স্থানীয় খাদ্য উৎপাদন করতে ও পেতে পারে তা নিশ্চিত করবে।

নিউ ইয়র্ক ফার্ম ব্যুরোর (New York Farm Bureau) প্রেসিডেন্ট ডেভিড ফিশার বলেন, "পাখি ও মৌমাছি সুরক্ষা আইনের" অর্থপূর্ণ অধ্যায় সংশোধনের জন্য নিউ ইয়র্ক ফার্ম ব্যুরো গভর্নর হোকলের নেতৃত্বের অত্যন্ত প্রশংসা করছে।" তিনি সকল পক্ষের মতামত গ্রহণ করেছেন এবং একটি ভারসাম্যপূর্ণ পন্থার ব্যাপারে সম্মতিতে পৌঁছেছেন যা নিশ্চিত করবে যে আমাদের স্টেটের জন্য খাদ্য উৎপাদনের নিরাপদ ঝুঁকি ব্যবস্থাপনা ব্যবস্থা তাদের কাছে আছে। এছাড়াও বিজ্ঞানভিত্তিক নিয়ন্ত্রক সিদ্ধান্ত গ্রহণ করতে কৃষি ও বাজার বিভাগের পরামর্শ নিয়ে পরিবেশ সংরক্ষণ বিভাগ যেই অব্যাহত ভূমিকা পালন করবে সেই ব্যাপারে নিউ ইয়র্ক ফার্ম ব্যুরো আনন্দিত। নিউ ইয়র্কের কৃষিকে সমর্থন করার জন্য একটি যুক্তিসঙ্গত অগ্রগামী পথ খুঁজে নিতে গভর্নর আরেকবার তার আগ্রহ প্রদর্শন করলেন।"

সিয়েরা ক্লাব আটলান্টিক চ্যাপ্টার কনজার্ভেশন কর্মসূচির (Atlantic Chapter Conservation Program) ব্যবস্থাপক ক্যাইটলিন ফেরেন্টে বলেন, "পাখি ও মৌমাছি সুরক্ষা আইনকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য সিয়েরা ক্লাব গভর্নর হোকলের প্রশংসা করছে। নিউ ইয়র্কের পরাগবাহক, পানি, এবং ভূমি স্বাস্থ্যকে রক্ষা করে এমন নীতিমালার মেরুদণ্ড হিসেবে প্রমাণিত বিজ্ঞান ব্যবহার করা হলে তা নিশ্চিত করবে যাতে আগামী বহু প্রজন্মের জন্য নিউ ইয়র্কের সম্প্রদায়সমূহ নিরাপদ থাকে। অতি গুরুত্বপূর্ণ এই বিলে গভর্নরের দেশ সেরা পদক্ষেপের জন্য আমরা তাকে ধন্যবাদ জানাচ্ছি। এছাড়াও বিলটির স্পন্সর অ্যাসেম্বলি সদস্য গ্লিক এবং সিনেটর হোয়েলম্যান-সিগাল, এবং সেই সাথে নিউ ইয়র্ক স্টেট আইনসভার উভয় হাউজে এই বিলগুলি পাশ করানো নিশ্চিত করতে সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিন্স, স্পিকার হিস্টি, অ্যাসেম্বলি সদস্য সোলাজেস এবং সিনেটর হারখ্যামের নেতৃত্বের জন্য সিয়েরা ক্লাব তাদের ধন্যবাদ জানাচ্ছে।"

ন্যাচারাল রিসোর্স ডিফেন্স কাউন্সিলের পরাগবাহক উদ্যোগের (Pollinator Initiative) ভারপ্রাপ্ত পরিচালক ড্যান রেইচেল বলেন, "দেশের প্রথম এধরনের বিলটি স্বাক্ষর করার মাধ্যমে নিউ ইয়র্কের খাদ্য ব্যবস্থা, ইকোসিস্টেম এবং জনস্বাস্থ্য রক্ষা করতে গভর্নর হোকল এবং আইনসভা একটি অতি গুরুত্বপূর্ণ ধাপ গ্রহণ করেছে। নিওনিক্স পানি থেকে শুরু করে ভূমি ও

আমাদের স্বাস্থ্য পর্যন্ত আমাদের পরিবেশের প্রায় প্রতিটি অংশকে ক্ষতিগ্রস্ত করে, এবং মৌমাছি ও অন্যান্য পরাগবাহকদের মেরে ফেলে ফসলের উৎপাদন হ্রাস করে। এই বিলের রূপরেখা অনুযায়ী অর্থপূর্ণ ও নমনীয় মডেলটি দিয়ে নিউ ইয়র্ক এখন এইসব বিপজ্জনক কীটনাশকের ব্যবহার হ্রাস করতে সাধারণ বুদ্ধির প্রবিধান স্থাপনে দেশের শীর্ষে থাকবে।"

নিউ ইয়র্ক কর্ন অ্যান্ড সয়াবিন গ্রোয়ার্স অ্যাসোসিয়েশনের (New York Corn and Soybean Growers Association) ভাইস প্রেসিডেন্ট ব্র্যাড ম্যাককুলে বলেন, "অত্যন্ত জটিল ও উল্লেখজনক ফলাফলসহ এই সমস্যার ক্ষেত্রে, কৃষি শিল্পখাতকে সুরক্ষা করা এবং একই সাথে পরিবেশ সংক্রান্ত নীতিমালা অগ্রসর করতে গভর্নর হোকল দারুণ নেতৃত্ব প্রদর্শন করেছেন। পরিবেশের রক্ষক হিসেবে আমাদের ভূমিকা এবং বিজ্ঞানভিত্তিক নীতিমালা অনুসরণ করাকে আমাদের অ্যাসোসিয়েশন দৃঢ়ভাবে বিশ্বাস করে। গভর্নর হোকল আমাদের শিল্পখাতের জন্য সঠিক ভারসাম্য বাছাই করেছেন এবং আমাদের পরিবেশ ও শিল্পখাত উভয়কে যথাযথভাবে রক্ষা করার জন্য নতুন এই আইনের বাস্তবায়নে প্রশাসনের সাথে কাজ অব্যাহত রাখতে আমরা উন্মুখ।"

সিটিজেন্স ক্যাম্পেইন ফর দ্য এনভায়রনমেন্টের (Citizens Campaign for the Environment, CCE) নির্বাহী পরিচালক এড্রিয়ান এস্পোজিটো বলেন, "আমরা রোমাঞ্চিত এবং আনন্দে উদ্বেলিত! বিধিমালাটি আরো পরিষ্কার, আরো নিরাপদ খাওয়ার পানির একটি লিগেসি তৈরি করবে এবং এটি আমাদের পরাগবাহকদের রক্ষা করে যাতে করে তারা আমাদের খাদ্য হিসেবে গৃহীত ফল, বাদাম ও সবজির 75 শতাংশের পরাগায়ন করা অব্যাহত রাখতে পারে।আমরা পাস্তা, গ্রিন বিন বা ফলের পাইসহ ছুটির মৌসুমের আহার উপভোগ করছি তাই আমাদের উচিত আমাদের খাদ্য প্রদানে মৌমাছিদের ভূমিকার জন্য তাদের ধন্যবাদ জানানো এবং এই বিলটি স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলের দারুণ সমর্থনের জন্য আমরা এখন তাকে ধন্যবাদ জানাতে পারবো। মৌমাছিদের রক্ষা করা নিউ ইয়র্কবাসীর জন্যে একটি ছুটির উপহার।"

ন্যাশনাল অডুবন সোসাইটির (National Audubon Society) সিনিয়র নীতিমালা ব্যবস্থাপক এরিন ম্যাকগ্রা বলেন, "গত এক দশক ধরে, নিওনিক্স নিয়ে সূক্ষ্ম তদন্ত বৃদ্ধি পেয়েছে, কারণ পাখি, পরাগবাহক, অন্যান্য বন্যপ্রাণী, ও মানুষের উপর তাদের নেতিবাচক প্রভাব রয়েছে। বিজ্ঞান আমাদের দেখিয়েছে যে কম মাত্রার নিওনিক্সও গানের পাখিদেরকে তাদের অভিবাসনের সময় দিক নির্ধারণ করা থেকে বিরত করে, যার ফলে উল্লেখজনক ওজন হ্রাস পায়, এবং তাদের প্রজনন সংক্রান্ত সাফল্য হ্রাস পায়। এইসব প্রভাবের কারণে, বহু পাখির সংখ্যা অতি মাত্রায় হ্রাস পাওয়া বিপরীত করতে সাহায্য করার জন্য নিওনিকোটিনয়েড কীটনাশকের ব্যবহার ব্যাপকহারে হ্রাস করতে হবে। নিওনিক কীটনাশকের অনিয়ন্ত্রিত ব্যবহার কমাতে দ্রুত পদক্ষেপ গ্রহণের জন্য এবং পাখি ও তাদের বেঁচে থাকার জন্য প্রয়োজনীয় স্থানের পক্ষে কাজ করার জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

নিউ ইয়র্ক নর্থইস্ট অর্গানিক ফার্মিং অ্যাসোসিয়েশনের (Northeast Organic Farming Association of New York, NOFA-NY) নীতিমালা ব্যবস্থাপক ক্যাটি বেইল্ডন বলেন, "পাখি ও মৌমাছি সুরক্ষা আইন স্বাক্ষর করার মাধ্যমে গভর্নর হোকল মানুষ এবং ইকোসিস্টেমের স্বাস্থ্য রক্ষা করছেন এবং প্রতি বছর নিজেদের ফসলের পরাগায়নের জন্য স্থানীয় ও মৌমাছিদের

উপর নির্ভর করা কয়েক হাজার নিউ ইয়র্ক খামারের টিকে থাকা সমর্থন করছেন। অপচয়কারী নিওনিক ব্যবহার সীমাবদ্ধ করার মাধ্যমে নিউ ইয়র্ক শুধু পরাগবাহকদের রক্ষা করছে না, বরং প্রাকৃতিক কীটপতঙ্গ নিয়ন্ত্রণের জন্য খামারিরা যেইসব শিকারি পোকার উপর নির্ভর করে এবং কার্বন ও পুষ্টির চক্র ধারণ করার জন্য অতি গুরুত্বপূর্ণ ভূমির মাইক্রোবিয়াল জীবনকেও সুরক্ষা প্রদান করছে। NOFA-NY এই গুরুত্বপূর্ণ বিজয়কে উদযাপন করছে যা আমাদের পরিবেশের, আমাদের দেহের এবং সম্পূর্ণ নিউ ইয়র্ক খাদ্য ব্যবস্থার দূষণ উল্লেখজনকভাবে হ্রাস করবে।"

নিউ ইয়র্ক কনজার্ভেশন ভোটার্স লীগের প্রেসিডেন্ট জুলি টিঘে বলেন, "মৌমাছির থেকেও মিষ্টি; পাখি ও মৌমাছি সুরক্ষা আইন স্বাক্ষর করার জন্য ধন্যবাদ, গভর্নর হোকল। আমাদের কীটনাশক ব্যবস্থায় অপ্রয়োজনীয় ও ক্ষতিকর রাসায়নিক নির্মূল করার মাধ্যমে এই ব্যবস্থাটি আমাদের অত্যাবশ্যকীয় পরাগবাহকদের বেশ থাকা নিশ্চিত করবে এবং তা করার মাধ্যমে নিউ ইয়র্কের পরিবেশ, খাদ্য নিরাপত্তা, এবং কৃষি অর্থনীতিকে সুরক্ষিত রাখবে।"

ক্লিন+হেলদির (Clean+Healthy) নির্বাহী পরিচালক ববি উইল্ডিং বলেন, "পাখি ও মৌমাছি সুরক্ষা আইনকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি। নিওনিকোটিনয়েড কীটনাশক ব্যবহার নির্মূল করার মাধ্যমে, আমাদের পরাগবাহক, বন্যপ্রাণী, পরিবেশ, এবং মানুষের জীবন বিষাক্ত নিওনিকোটিনয়েড কীটনাশকের ক্ষতিকর প্রভাব দ্বারা অযথাই ক্ষতিগ্রস্ত হবে না।"

ফিজিশিয়ান্স ফর সোশ্যাল রেস্পন্সিবিলিটির (Physicians for Social Responsibility) প্রেসিডেন্ট ও শিশু বিশেষজ্ঞ ক্যাথলিন নোলান বলেন, "পাখি ও মৌমাছি আইন স্বাক্ষর করার মাধ্যমে গভর্নর ক্যাথি হোকল, পাখি, মৌমাছি, প্রজাপতি, এবং সকল ধরনের পরাগবাহক ও পরাগবাহকনির্ভর বন্যপ্রাণীর রক্ষক হিসেবে র্‍যাচেল কার্সনের মতো ব্যক্তিদের সাথে নিজের নাম লেখালেন। বিপজ্জনক নিকোটিনের মতো রাসায়নিকের সংস্পর্শ ব্যাপকভাবে হ্রাস হওয়ার ফলে নিউ ইয়র্কের পরিবারসমূহ এখন আরো পরিষ্কার পানি পান করবে এবং আরো স্বাস্থ্যকর খাদ্য গ্রহণ করবে, এবং খামারিরা ভূমির স্বাস্থ্য প্রসারকারী এবং আমাদের সকলকে প্রাচুর্যপূর্ণ এবং পুষ্টিকর খাদ্য প্রদান করবে এমন আরো টেকসই অনুশীলন গ্রহণ করতে পারবে।"

আডিরোন্ডাক কাউন্সিলের (Adirondack Council) নির্বাহী পরিচালক রাউল জে. অ্যাকোয়াইর বলেন, "পাখি ও মৌমাছি সুরক্ষা আইন স্বাক্ষর করার জন্য আডিরোন্ডাক কাউন্সিল গভর্নর হোকলের প্রশংসা করছে। পাখি ও মৌমাছি সুরক্ষা আইন আমাদের পরাগবাহক, মানুষের স্বাস্থ্য, এবং নিউ ইয়র্কের কৃষিকাজের ভবিষ্যতকে সুরক্ষিত রাখতে উপলভ্য সেরা বিজ্ঞান ব্যবহার করে। গভর্নরের পরিবেশ সংক্রান্ত নেতৃত্ব এবং বিধিমালার অত্যাবশ্যকীয় এই অংশের জন্য ক্যা করা বিলটির স্পন্সরদের প্রতি আমরা কৃতজ্ঞ।"

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক গুড ফার্মার্স গিল্ডের (Good Farmers Guild of Western New York) প্রেসিডেন্ট ও চাষী এবং ডার্ট রিচ ফার্মের (Dirt Rich Farm) মালিকদের একজন, লরা কলিগ্যান বলেন, "একজন সবজি চাষী হিসেবে আমার সাফল্যের জন্য ব্যাপক ব্যাপ্তির উপকারী পোকামাকড় ও অন্যান্য ক্ষুদ্র পোকা অত্যাবশ্যকীয়, যেমন আমার ফসলের পরাগায়নের জন্য মৌমাছি, কীটপতঙ্গ নিয়ন্ত্রণ করার লেসউইগ, বা ভূমিতে পুষ্টি ফেরত নিয়ে

আসা কেঁচো। নিওনিকোটিনয়েড দূষণ এর সবকয়টিকে এবং ফলশ্রুতিতে আমার জীবিকাকে ঝুঁকিগ্রস্ত করে। নিউ ইয়র্ক স্টেটজুড়ে আমার মতো খামারীদেরকে অপ্রয়োজনীয় নিওনিকোটিনয়েড ব্যবহার থেকে রক্ষা করতে অতি গুরুত্বপূর্ণ এই বিধিমালায় গভর্নর হোকলের নেতৃত্বের জন্য আমি কৃতজ্ঞ।"

প্ল্যান বী ফার্ম ব্রিউয়ারির (Plan Bee Farm Brewery) মালিক এমিলি অ্যান ওয়াটসন বলেন, "আমাদের কৃষি ও ব্রিউয়ারির জন্য আমরা আমাদের মৌমাছি ও পরিষ্কার পানির উপর নির্ভর করি। আমরা আমাদের খামারে কী ব্যবহার করবো তা আমি নিয়ন্ত্রণ করতে পারি, কিন্তু হাইভ ভেঙ্গে পড়া এবং দূষণ সৃষ্ট হুমকি ধারাবাহিক একটি সমস্যা। অপচয়কারী এবং বিধ্বংসী নিওনিক ব্যবহার নির্মূল করার জন্য বুদ্ধিমান পদক্ষেপ গ্রহণ করতে আজকে যে গভর্নর এবং আইনসভা সঠিক সিদ্ধান্ত গ্রহণ করেছে তা নিয়ে আমি খুশি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন